

## শিক্ষাকে রাজনীতি হইতে দূরে রাখার আহ্বান

(ইস্বেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) ঢাকা টিমাস ট্রেনিং কলেজ মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতির বার্ষিক সম্মেলনে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যাপক আবদুল বাতেন শিক্ষাকে রাজনীতি হইতে দূরে রাখার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

তিনি বলেন, শিক্ষা ব্যবস্থাকে বিজ্ঞানভিত্তিক, উৎপাদনমুখী করিতে হইবে এবং পাঁচ বৎসরের মধ্যে দেশ হইতে নিরক্ষরতা দূর করিতে হইবে।

সমিতির সভাপতি জনাব আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বক্তৃতা করেন সমিতির সাধারণ সম্পাদক জনাব আবদুল খালেক ও উদ্বোধনী বক্তৃতা করেন শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বায়ক মাওলানা এম. এ. মান্নান।

অধ্যাপক আবদুল বাতেন বলেন, শিক্ষার প্রশাসনিক ক্ষেত্রেও বৈপ্লবিক পরিবর্তন আনার চেষ্টা করা হইতেছে। জাতীয় বৃহত্তর স্বার্থেই শিক্ষকদের নিয়ন্ত্রণ চাহিদা পূরণ করা হইবে। তিনি শিক্ষকদের অভিন্ন জাতীয় পে-স্কেল ও চাকুরী বিধি বাস্তবায়নের জন্য শিক্ষকদের সুপারিশ কমিটির রিপোর্ট আগামী ১৫ই এপ্রিলের মধ্যে দাখিল করার আহ্বান জানান।